

# পশ্চিমবঙ্গ কলেজ ও বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি

৮৯, মহাত্মা গান্ধী রোড, কলিকাতা- ৭০০ ০০৭

ফোন নং - ২২৪১-২০৬০/২২১৯-৮৯৩০

তারিখ : ১৫-০৬-২০১৯

মাননীয়,  
বার্তা সম্পাদক


মহাশয়,

নীচের এই বিবৃতিটি আপনাদের বহুল প্রচারিত সংবাদ মাধ্যমে প্রকাশের জন্য অনুরোধ করছি।

১৫-০৬-২০১৯ তারিখে পশ্চিমবঙ্গ কলেজ ও বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির বিশেষ সভায় গৃহীত প্রস্তাব :

অতি সম্প্রতি নীলরতন সরকার হাসপাতাল ও বর্ধমান মেডিকেল কলেজ সহ রাজ্যের বেশ কয়েকটি হাসপাতালে চিকিৎসকদের উপর বর্বরোচিত আক্রমণ নেমে এসেছে। এই ঘটনাকে কেন্দ্র করে জুনিয়র চিকিৎসকদের সুরক্ষার দাবিতে সমগ্র চিকিৎসক সমাজ যে প্রতিবাদ জানিয়েছেন তা অভূতপূর্ব। উপযুক্ত সুরক্ষার দাবিতে জুনিয়র চিকিৎসকেরা রাজ্যজুড়ে কর্মবিরতি পালন করছেন। এই দাবির প্রতি সমর্থন জানিয়ে রাজ্যের শত শত চিকিৎসক ইতিমধ্যে পদত্যাগ করেছেন। আমাদের রাজ্যেই শুধু নয় এই আন্দোলনের প্রতি সহমর্মিতা জানিয়ে প্রতিবাদে সোচ্চার হয়েছেন চিকিৎসকেরা গোটা দেশজুড়ে, এমনকি আন্তর্জাতিক স্তরেও। রাজ্য প্রশাসনের পক্ষ থেকে জুনিয়র চিকিৎসকদের প্রতি সহানুভূতি জানিয়ে অদ্যাবধি কোন কার্যকরী পদক্ষেপ গ্রহণ করা হয় নি। পক্ষান্তরে সর্বোচ্চ প্রশাসনিক স্তর থেকে যে ভাবে জুনিয়র চিকিৎসকদের এই আন্দোলনকে প্রত্যাহার করানোর জন্য ভয় ভীতি প্রদর্শন করা হয়েছে এবং আন্দোলনে সাম্প্রদায়িক রং লাগানোর চেষ্টা করা হয়েছে, অধ্যাপক সমিতির এই সভা তার তীব্র নিন্দা করছে এবং জুনিয়র চিকিৎসকদের এই আন্দোলনের প্রতি সম্পূর্ণ সমর্থন জ্ঞাপন করছে। পাশাপাশি আমরা এই আবেদন পেশ করছি যে চিকিৎসকদের সুরক্ষার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে প্রশাসন রাজ্যের স্বাস্থ্য পরিষেবা ক্ষেত্রে উদ্ভূত অচলাবস্থা নিরসনে সদর্থক পদক্ষেপ গ্রহণ করুক।

ধন্যবাদান্তে -



(কেশব ভট্টাচার্য্য)

সাধারণ সম্পাদক

মোবাইল নং ৯৮৩০০২১৭৯৪